



সোনালী ব্যাংক পিএলসি

শেরপুর শাখা, বগুড়া

মোবাইলঃ ০১৭১৩-৭৫৮৪৭৩

নিলাম বিজ্ঞপ্তি

অর্থস্বর্ণ আদালত আইন-২০০৩ (সংশোধনী-২০১০) এর ১২(৩) ধারা অনুযায়ী

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোনালী ব্যাংক পিএলসি, শেরপুর শাখা, বগুড়া, বগুড়া এর ঋণ গ্রহীতা মেসার্স মোহাম্মদ বীজ ভান্ডার প্রোঃ মো. আব্দুল হাকিম পিতাঃ আবেদ আলী এর নিকট ৩১/১২/২০২৪ ইং তারিখ ভিত্তিক অনারোপিত সুদসহ বকেয়া টাকা=১৫,০৪,৬৪৮/- (পনের লক্ষ চার হাজার ছয় শত আটচল্লিশ টাকা) মাত্র এবং আদায়কালীন সময় পর্যন্ত সুদসহ অন্যান্য যাবতীয় খরচ আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে বন্ধকীকৃত নিম্নতফসিলভুক্ত সম্পত্তি যে অবস্থায় আছে ভিত্তিতে আগামী ২৯/০৭/২০২৫ তারিখে নিলাম বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তাবলীতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। উল্লেখ্য, দরপত্র দাখিলের পূর্বেই নিলামে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠান এই সংক্রান্ত অতিরিক্ত তথ্য (যদি প্রয়োজন হয়) অবগত হওয়ার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

বন্ধকীকৃত সম্পত্তির বিবরণঃ জেলা-বগুড়া, থানা-শেরপুর, মৌজা: শেরমিয়া, জে.এল.নং-১০০।

খতিয়ান নং			দাগ নং		প্রকৃতি	পরিমাণ	জমির অবস্থান
সি.এস	এম.আর.আর	ডি.পি	সাবেক	হাল			
২৭	৭৬	৯২০	০২	০২	অবকাঠামো সহ বানিজ্যিক স্থান	০.০৫৫০ একর	ইউপিভুক্ত
মেট						০.০৫৫০ একর	

চৌহদ্দী- উত্তরে- আব্দুল কুদ্দুস কুদ্দ, দক্ষিণে- রাস্তা/আব্দুল ওয়াহেদ, পূর্বে- পাকা রাস্তা, পশ্চিমে- আব্দুল মজিদ শর্তাবলী

০১) আগামী ২৯/০৭/২০২৫ ইং তারিখ বেলা ০৪.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, বগুড়ায় রক্ষিত টেন্ডার বাঞ্চে কিংবা রেজিঃ ডাকযোগে আগ্রহী ক্রেতাগণকে নিজস্ব প্যাডে বা সাদা কাগজে পূর্ণ ঠিকানা উল্লেখ পূর্বক স্বাক্ষরযুক্ত দরপত্র সীল মোহরকৃত খামে জমা দিতে হইবে এবং ঐ দিনই বেলা ০৪.০০ ঘটিকার পর টেন্ডার বাঞ্চে দরপত্র সমূহ সংশ্লিষ্ট দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে।

০২) প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর ১০ লক্ষ টাকা পর্যন্ত হইলে ২০%, উদ্ধৃত দর ১০ লক্ষ টাকার উর্ধ্বে কিন্তু ৫০ লক্ষ টাকা পর্যন্ত হইলে ১৫%, উদ্ধৃত দর ৫০ লক্ষ টাকার অধিক হইলে ১০% সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার এর মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড, পল্লী উন্নয়ন একাডেমী শাখা, বগুড়া এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

০৩) দরপত্রদাতা এক বা একাধিক তফসিলের জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন। তবে একই তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৪) নিলামে অংশগ্রহনকারী ক্রেতা/দরদাতা কর্তৃক উদ্ধৃত গৃহীত দরমূল্যের উপর ৫% হারে উৎস কর দরমূল্যের অতিরিক্ত হিসাবে প্রদান করিতে হইবে।

০৫) অনূর্ধ্ব ১০ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০ লক্ষ টাকার উর্ধ্বে কিন্তু ৫০ লক্ষ টাকা পর্যন্ত উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে এবং ৫০ লক্ষ টাকার উর্ধ্বে উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে সর্বোচ্চ দরপত্রদাতাকে দরপত্রের সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় আইনানুযায়ী অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩(সংশোধনী-২০১০) এর ৩৩(২) ধারা অনুযায়ী জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে।

০৬) উপরোক্ত ৫ নং শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে উহার অর্থ ঋণ হিসাবে জমা করা হইবে। বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত দর একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে তফসিল সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে। দ্বিতীয় দরপত্রদাতা আহত হইবার পর পরবর্তী অনূর্ধ্ব ১০ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে, ১০ লক্ষ টাকার উর্ধ্বে কিন্তু ৫০ লক্ষ টাকা পর্যন্ত উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে এবং ৫০ লক্ষ টাকার উর্ধ্বে উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন। মূল্য পরিশোধে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের টাকা দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৭) সম্পত্তি ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গ নিশ্চিত হওয়ার জন্য প্রয়োজনবোধে নিম্ন স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করে অফিস চলাকালীন সময়ে তাহা পরিদর্শন করিতে পারিবেন।

০৮) সম্পত্তির দখল ও নিয়ন্ত্রণ জেলা ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে ঋণ গ্রহীতা হইতে উদ্ধার করে ক্রেতার অনুকূলে সমর্পণ করা হইবে।

০৯) দরপত্রে সম্পত্তি প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবেন।

১০) কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১১) সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করিতে হইবে।

১২) নিলামের জন্য নির্ধারিত দিন কারন বশতঃ সরকারী ছুটি ঘোষিত হইলে উহার পরবর্তী কার্যদিন নিলাম অনুষ্ঠিত হইবে।

১৩) অকৃতকার্য দরদাতাদের আনুষ্ঠানিক যথাসময়ে ফেরত দেওয়া হইবে। কম জামানত প্রদানকারী দরপত্র/ক্রটিপূর্ণ/জামানত বিহীন দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার